গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাদারগঞ্জ, জামালপুর।
www.madarganj.jamalpur.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪০.০০৫.২৩-৯৪০ তারিখ : ১৮ ডিসেম্বর ২০২৩ খ্রি:

নোটিশ

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিসেম্বর/২০২৩ মাসের অনুষ্ঠিতব্য মাসিক সভাসমূহ নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী উপজেলা পরিষদ সভাকক্ষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

| তারিখ | সময় | সভার নাম |
|---|---|---|
| ২৬/১২/২০২৩ খ্রি: | সকাল ১০.৩০ টা | উপজেলা পরিষদ মাসিক সভা। |
| | বেলা ১২.১০ টা | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির |
| | বেলা ১২.২০ টা | উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির সভা। |
| | বেলা ১২.৩০ টা | উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির সভা। |
| | বেলা ১২.৪০ টা | উপজেলা আইনগত সহায়তা কমিটির সভা। |
| | বেলা ১২.৫০ টা | উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভা। |

২। বর্ণিতাবস্থায়, উল্লিখিত কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার এবং দপ্তর প্রধানগণকে উপজেলা পরিষদ মাসিক সভার কার্যপত্র আগামী ২১/১২/২০২৩ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

(ফাইযুল ওয়াসীমা নাহাত)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।
টেলিফোন নম্বর: ০২৯৯৭৭৭৬৮০২
ই-মেইল-unomadarganj@mopa.gov.bd

প্রাপকঃ ১। উপজেলা.........................................................অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান........................................ ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব ..........................................................................................................

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ
১। মাননীয় সংসদ সদস্য-১৪০, জামালপুর-৩ ।
২। জেলা, প্রশাসক জামালপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৪। মেয়র, মাদারগঞ্জ পৌরসভা, জামালপুর।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৬। অফিস কপি।

উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।
ডিসেম্বর/২০২৩ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: ওবায়দুর রহমান বেলাল<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর। |
| সভার তারিখ | : | ২৬ ডিসেম্বর ২০২৩ খ্রি: |
| সময় | : | সকাল ১০.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর। |

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দেখানো হলো:**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ী করণ করা হয়। অত:পর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|
| **০১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এর প্রতিনিধি সভায় জানান যে, ডিসেম্বর/২৩ মাসে এ উপজেলায় ৩৯৪ টি শিক্ষা প্রতিষ্ঠানে কোভিড-১৯ টিকা গ্রহণকারী ০৫-১১ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের সংখ্যা ১ম ডোজ গ্রহণকারী ৪০,৬০০ জন এবং ২য় ডোজ গ্রহণকারী ৩৮,১৫০ জন। ১২ বছরের উর্দ্ধে কোভিড-১৯ টিকা ১ম ডোজ গ্রহণকারীর হার ৯২.৩৫%, ২য় ডোজ গ্রহণকারীর হার ৯১.৮৩%, ৩য় ডোজ গ্রহণকারীর হার ৫৯.২৪% । এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **০২. উপজেলা কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডিসেম্বর/২৩ তাঁর দপ্তরে<br>ক) ২০২৩-২৪ অর্থবছরে এ উপজেলায় গম, ভুট্টা, সরিষা, চিনাবাদাম, শীতকালিন পেঁয়াজ, মসুর ও মুগ এই সাতটি ফসলের মোট ৮১৬০ জনের প্রণোদনা হিসেবে বরাদ্দ প্রদান করা হয়েছে।<br>খ) ২০২৩-২৪ অর্থবছরে ৪৫০ জন কৃষকের জন্য বিনামূল্যে টমেটো, কুমড়া লাউ, লালশাক ও পালংশাক এর বীজ প্রনাদনা হিসেবে বরাদ্দ প্রদান করা হয়েছে।<br>(গ) ৪০০০ (চার হাজার) জন কৃষকের মাঝে বিনামূল্যে ০২ (দুই) কেজি করে হাইব্রিড বোরো ধান বীজ বিতরণের কার্যক্রম চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৩. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৪ উপলক্ষ্যে অত্র মাদারগঞ্জ উপজেলাধীন ০৭টি ইউনিয়নে ভোটকেন্দ্রে গমণের সুবিধার্থে ক্ষতিগ্রস্ত রাস্তাসমূহের জরুরী মেরামত করার জন্য প্রাক্কলন প্রস্তত পূর্বক মেরামত কাজ চলমান রয়েছে। দ্রুততম সময়ের মধ্যে রাস্তাসমূহের মেরামত কাজ সমাপ্ত হবে।<br>খ) উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৪ উপলক্ষ্যে অত্র মাদারগঞ্জ উপজেলাধীন ০৭টি ইউনিয়নের পুরাতন ও জরাজীর্ণ ভোটকেন্দ্রসমূহের জরুরী মেরামত করার জন্য প্রাক্কলন প্রস্তত পূর্বক মেরামত কাজ চলমান রয়েছে। দ্রুততম সময়ের মধ্যে রাস্তাসমূহের মেরামত কাজ সমাপ্ত হবে। | ক) ভোটকেন্দ্রে গমণের সুবিধার্থে ক্ষতিগ্রস্ত রাস্তাসমূহ জরুরী মেরামত কাজ দ্রুত সমাপ্ত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।<br>খ) ভোটকেন্দ্রসমূহ জরুরী মেরামত কাজ দ্রুত সমাপ্ত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৪. উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ডিসেম্বর/২০২৩ মাসের তাঁর দপ্তরের ৯০১ টি কৃত্রিম প্রজনন ও ৪০০ টি সংকর জাতের বাছুর উৎপাদন, ২৮৫৬ টি গবাদিপশু ও ২১,৯২০ টি হাঁসমুরগী কে চিকিৎসা সেবা প্রদান করা হয় এবং রাজস্ব আদায় ৯১,৫৪০/- টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ |

| | | |
|---|---|---|
| **০৫. উপজেলা মৎস্য বিভাগ:**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান ডিসেম্বর/২৩ মাসে ২২ জন মৎস্য চাষিকে মাছ চাষ বিষয়ক পরামর্শ প্রদান, ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় এ উপজেলার ০৭ টি ইউনিয়ন ও পৌরসভার মোট ১৬ (ষোলো) জন নিবন্ধিত জেলেদের মাঝে বিকল্প কর্মসম্পাদন সৃষ্টির লক্ষ্যে বকনা বাছুর বিতরণ এবং গত ০১ নভেম্বর ২০২৩ তারিখ হতে ৩০ জুন/২০২৩ পর্যন্ত জাটকা ইলিশ বিক্রয় বন্ধ করার লক্ষ্যে এ উপজেলার বিভিন্ন বাজারে ও মৎস্য আড়ত নিয়মিত ভাবে বাজার পরিদর্শণ ও তদারকি করা হচ্ছে। এছাড়া পরামর্শ সেবাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৬. উপজেলা শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ডিসেম্বর/২৩ মাসে সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোতে প্রাক-প্রাথমিক থেকে ৫ম শ্রেণী পর্যন্ত বই বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। |
| **০৭. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ডিসেম্বর/২৩ মাসে স্থায়ী পদ্ধতি ০৬ জন, আইইউডি ০৪ জন, ইমপ্ল্যান্ট ৫০ জন, ইনজেকশন (ডিপো-প্রভেরা) ৬৪৮ ভায়েল, খাবারবড়ি (সুখী) ১১,৫৬০ চক্র, ইসিপি ২৮ জন এবং স্বাভাবিক প্রসব সেবা প্রদান ১৩ জনকে । | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **০৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ডিসেম্বর/২৩ মাসে এ উপজেলায় বই বিতরণের কার্যক্রম চলমান এবং ৮ম ও ৯ম শ্রেণীর কারিকুলাম বিষয়ে প্রশিক্ষণ [redacted]ন সম্পন্ন হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর |
| **০৯. উপজেলা সমাজসেবা বিভাগ:**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান চলতি ডিসেম্বর মাসে<br>(ক) ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন কার্যক্রম চলমান।<br>(খ) মৃত ভাতাভোগীদের তালিকা প্রস্তুত এবং প্রতিস্থাপনের কার্যক্রম চলমান।<br>(গ) রোগী কল্যাণ সমিতির মাধ্যমে অসহায় রোগীদের মাঝে বিনামূল্যে ঔষুধ প্রদান।<br>(ঘ) সমাজকল্যাণ পরিষদ থেকে আর্থিক অনুদান প্রাপ্তির লক্ষে প্রাপ্ত আবেদন জেলা সমাজসেবা কার্যালয় প্রেরণ।<br>(ঙ) আশ্রয়নের ২ টি মৃত পরিবারের মাঝে প্রত্যককে ৩০০০/- করে মোট ৬০০০/- টাকা আর্থিক সাহায্যে প্রদান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **১০. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডিসেম্বর ২৩ মাসে তাঁর দপ্তরে বিআরডিবি কর্তৃক বাস্তবায়িত পিআরডিপি-৩ প্রকল্পটি সমাপ্ত হয়েছে। চলতি ঋণ বিতরণ ৩,৬০,০০০/- টাকা, চলতি ঋণ আদায় ১,৪৬,৫০০/- টাকা, খেলাপী ঋণ আদায় ২৮,০০০/- টাকা এবং সঞ্চয় আদায় ৭৬,০০০/- টাকা। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | সভায় বিস্থারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |

| | | |
|---|---|---|
| **১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উপজেলা ওয়ারী (টিআর) ৩৩ টি (১ম পর্যায়) বরাদ্দকৃত টাকা ৫৬,০৮,৩১৪/৯২, ব্যয়িত ৪২,০৬,২৩৫/-, অগ্রগতি ৭৫%, (টিআর) নির্বাচনী এলাকাভিত্তিক-৩৬ টি (১ম পর্যায়) ৫৭,৪১,৬৬৬/৬৬, ব্যয়িত টাকা ৪৩,০৬২৪৯/-, অগ্রগতি ৭৫%, (টিআর) উপজেলা ওয়ারী ০২ টি (১ম পর্যায়) বরাদ্দকৃত টাকা ৬১৪৬০১/৭৬, ব্যয়িত ৩০৭৩০০/৫০, অগ্রগতি ৫০%, (টিআর) জেলা হতে (১ম পর্যায়) বরাদ্দকৃত টাকা ১,৫০,০০০/-, ব্যয়িত ১,৫০,০০০/-, অগ্রগতি ১০০%, (টিআর) বিভাগীয় কমিশনার হতে (১ম পর্যায়) বরাদ্দকৃত টাকা ১,৯১,২৫০/, ব্যয়িত ১,৯১,২৫০/-, অগ্রগতি ১০০%, (টিআর) উপজেলাওয়ারী (২য় পর্যায়) বরাদ্দকৃত টাকা ৩০,১৭,১৬২/১০ ,<br>(টিআর) নির্বাচনী এলাকাভিত্তিক (২য় পর্যায়) বরাদ্দকৃত টাকা ৩০,৯১,৬৬৬/৫০, কাবিখা/কাবিটা উপজেলাওয়ারী-১ম পর্যায় (প্রকল্প সংখ্যা- নগদ অর্থ-১০ টি, চাল ০৮টি, গম-০৮ টি) বরাদ্দকৃত অর্থ ৭১,০৬,৩০৪/২৮, | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, এ উপজেলায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৩. উপজেলা সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ডিসেম্বর মাসে বঙ্গবন্ধু মডেল গ্রাম সমবায় সমিতি লি: চরভাটিয়ানী গ্রামে<br>ক) ঋণ আদায়ের পরিমাণ ৬,৭১,৩০০ টাকা, সার্ভিস চার্জ আদায়ের পরিমাণ ৪১,৩০০ টাকা ও ঋণ আদায়ের হার ১০০% ।<br>খ) নারী উন্নয়নে প্রকল্পে চলতি ঋণ আদায় ৬,০০,০০০ টাকা এবং ঋণ বিতরণের পরিমাণ ৬,০০,০০০ টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৪. উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরে ডিসেম্বর/২০২৩ মাসে<br>(ক)ভিডব্লিউবি : উপজেলার ০৭ টি ইউনিয়নের ৩১৪৩ জন সুবিধাভোগীর খাদ্য সহায়তার জন্য ডি.ও প্রদান করা হয়েছে।<br>(খ) ডব্লিউটিসি : মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের অক্টোবর/২৩ হতে ডিসেম্বর/২৩ ২য় ব্যাচের প্রশিক্ষণের কার্যক্রম চলমান। যা ৩১.১২.২৩ তারিখে সমাপ্ত হবে। জানুয়ারী/২৪ হতে মার্চ/২৪ মেয়াদী ৩য় ব্যাচের প্রশিক্ষানার্থী নির্বাচনের লক্ষে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।<br>(গ) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় স্থাপনকৃত ০৮ টি ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে।<br>(ঘ) মা ও শিশু সহায়তা কর্মসূচি: ২০২৩-২৪ অর্থ বছরে জুলাই/২৩ হতে নভেম্বর/২৩ পর্যন্ত ভাতাভোগী নির্বাচন করার লক্ষ্যে ০৭ টি ইউনিয়ন ও পৌরসভায় (এমআইএস) অনলাইন ভাতাভোগী নির্বাচন করা হয়েছে। ডিসেম্বর/২৩ মাসে অনলাইন আবেদন চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **১৫. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডিসেম্বর/২৩ মাসে এ উপজেলায় 'সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহে' প্রকল্পের অধিনে কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহের কাজ চলমান রয়েছে। পিইডিপি-৪ প্রকল্পের অধিনে সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে ওয়াসব্লক ও নলকূপ স্থাপনের কাজ চলমান এবং মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের অধিনে কমিউনিটি টয়লেট, পাবলিক টয়লেট ও কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহের কাজ চলমান । এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, |

| | | |
|---|---|---|
| **১৬. উপজেলা পরিসংখ্যান বিভাগ:**<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডিসেম্বর/২৩ মাসে এ উপজেলায় এসভিআরএস, কৃষি মুজুরী, আমন ফসলের পূর্বাভাস রিপোট এবং বরবটি, সুপারি ফসলের আনুমানিক হিসাব জেলা পরিসংখ্যান অফিসে প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১৭. উপজেলা খাদ্য বিভাগ:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ডিসেম্বর/২০২৩ মাসে তাঁর দপ্তরে ২০২৩-২৪ অর্থবছরে আমন সংগ্রহ চলমান এবং ওএমএস ও খাদ্য বান্ধব কর্মসূচির ডিলারের মাধ্যমে ইউনিয়ন অনুযায়ী টিসিবি ডিলারের নিকট চাল বিতরণ করা হবে। | নির্ধারিত নিয়মে চাল বিতরণ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৮. উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়:**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডিসেম্বর মাসে তাঁর দপ্তরে জাতীয় সংসদ নির্বাচনের জন্য কেন্দ্র অনুসারে তালিকা প্রস্তুত, ২৭ জনকে পিসি ও এপিসিকে ০৩ দিনের জন্য প্রশিক্ষণ এবং ০২ জনকে ড্রাইভিং প্রশিক্ষণে প্রেরণ করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৯. উপজেলা পাট উন্নয়ন বিভাগ:**<br>উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **২০. উপজেলা দারিদ্র বিমোচন বিভাগ:**<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরের ডিসেম্বর মাসে ঋণবিতরণ ৬০.০০ লক্ষ টাকা, আদায় ৬৬.০০ লক্ষ টাকা এবং আদায়ের হার ৯৫%। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **২১. উপজেলা বন বিভাগ:**<br>ফরেষ্টার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |
| **২২. পল্লী সঞ্চয় ব্যাংক:**<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডিসেম্বর/২৩ মাসে তাঁর দপ্তরে ঋণ বিতরণ ৫৫.৩০ লক্ষ টাকা, ঋণ আদায় ৬০.২১ লক্ষ টাকা এবং সঞ্চয় আদায় ৩.২০ টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৩. ফায়ার সর্ভিস বিভাগ:**<br>সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ডিসেম্বর/২০২৩ মাসে অগ্নিনিবারণ এবং বিভিন্ন উদ্ধার কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| **২৪. তথ্য আপা প্রকল্প:**<br>উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | তথ্য সেবা কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৫. ইসলামিক ফাউন্ডেশন:**<br>উপজেলা ফিল্ড সুপারভাইজার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর |
| **২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):**<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জুলাই/২০২৩ মাসে আগামী অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্প নির্বাচন গ্রহণ এবং দ্রুত সময়ের মধ্যে সভার রেজুলেশন জমাসহ স্ব স্ব কার্যালয়ে ওয়েব পোর্টালে আপলোড করার জন্য সকলকে অনুরোধ করেন। | অতি দ্রুত স্থায়ী কমিটির মিটিং এর রেজুলেশন ভাইস চেয়ারম্যানদের নিকট জমা ও ওয়েব পোর্টালে আপলোডের সিদ্ধান্ত হয়। | (ক) উপজেলা প্রকৌশলী<br>(খ) ইউডিএফ (ইউজিডিপি) |

অত:পর আর কোনো আলোচনা না থাকায় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬.১২.২০২৩

(মোঃ ওবায়দুর রহমান বেলাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

স্মারকনং: ০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.২৩- ৯৬২

তারিখ ঃ ২৬ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য, ১৪০, জামালপুর-৩।
২। জেলা প্রশাসক, জামালপুর।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জামালপুর।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার,জামালপুর।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলাভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৬। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
৭। চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . ...................ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৮। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৯। অফিস কপি।

(ফাইয়ুল ওয়াসীমা নাহাত)
উপজেলা নির্বাহী অফিসার
মাদারগঞ্জ, জামালপুর।

ডিসেম্বর/২০২৫ মাসের উপজেলা মাসিক সভা/

| ক্রমিক নং | নাম ও পদবী এবং প্রতিনিধি | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান উপজেলা পরিষদ মাদারগঞ্জ জামালপুর | |
| ০২ | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ মাদারগঞ্জ | |
| ০৩ | মহিলা ভাইস চেয়ারম্যান " " | |
| ০৪ | মেয়র মাদারগঞ্জ পৌরসভা জামালপুর | |
| ০৫ | চেয়ারম্যান ১নং আদারভিটা ইউ.পি. | |
| ০৬ | " ২নং কড়ইচড়া " " | [signature] |
| ০৭ | " ৩নং গুনারীতলা " " | [signature] |
| ০৮ | " ৪নং বালিজুড়ি " " | [signature] |
| ০৯ | " ৫নং জোড়খালী " " | [signature] |
| ১০ | " ৬নং চরপাকেরদহ " " | [signature] |
| ১১ | " ৭নং সিধুলী " " | |
| ১২ | জনাব, মোছা: [illegible] সংরক্ষিত মহিলা সদস্য ১নং [illegible] উপজেলা পরিষদ মাদারগঞ্জ। | [signature] |
| ১৩ | " মোছা: শেফালী বেগম সংরক্ষিত মহিলা সদস্য ৩নং [illegible] উপজেলা পরিষদ মাদারগঞ্জ। | |
| ১৪ | জনাব, [illegible] চেয়ারম্যান [illegible] প্রতিনিধি মাদারগঞ্জ জামালপুর। | |
| ১৫ | [illegible] | [signature] |
| ১৬ | মো: [illegible] মো: [illegible] মো: [illegible] | |



সভার হাজিরা

| ক্রমিক নং | নাম ও পদবী (দপ্তর প্রতিনিধি) | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার মাদারগঞ্জ, জামালপুর। | |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মাদারগঞ্জ | [signature] |
| ৩ | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর। | |
| ৪ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর | [signature] |
| ৫ | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর | |
| ৬ | উপজেলা মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর | [signature] |
| ৭ | উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর | |
| ৮ | উপজেলা সমাজ সেবা অফিসার মাদারগঞ্জ, জামালপুর | |
| ৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মাদারগঞ্জ, জামালপুর | |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা মাদারগঞ্জ | [signature] |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মাদারগঞ্জ | [signature] |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মাদারগঞ্জ | |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মাদারগঞ্জ | [signature] ২৩.১২.২৫ |
| ১৪ | উপজেলা সমবায় কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। | |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মাদারগঞ্জ | |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা মাদারগঞ্জ | |
| ১৭ | উপজেলা সহকারী প্রকৌশলী মাদারগঞ্জ জনস্বাস্থ্য অধিদপ্তর | [signature] |
| ১৮ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মাদারগঞ্জ | [signature] |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। | [signature] |
| ২০ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা মাদারগঞ্জ | |
| ২১ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা মাদারগঞ্জ, | |
| ২২ | উপজেলা ~~রেঞ্জ~~ ফরেস্টার, মাদারগঞ্জ, জামালপুর। | [signature] |
| ২৩ | ~~উপজেলা~~ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ | [signature] |
| ২৪ | ~~উপজেলা~~ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স মাদারগঞ্জ | |
| ২৫ | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা মাদারগঞ্জ | |
| ২৬ | উপজেলা [illegible] মাদারগঞ্জ, জামালপুর | [signature] |
| ২৭ | সিনি: সুপার ভাইজার ইসলামী ফাউন্ডেশন শাখা মাদারগঞ্জ | [signature] |
| ২৮ | সভাপতি, ইমাম সমিতি মাদারগঞ্জ, জামালপুর | |
| ২৯ | এনজিও প্রতিনিধি, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ৩০ | উপজেলা [illegible] পল্লী বিদ্যুৎ সমিতি মাদারগঞ্জ | |